



স্মারক নং-৭জি-৩৩৭(ক-৩)/২০১০/২৩২/৬

তারিখ: ০৬/১১/১৪২৬ বঙ্গাব্দ:  
২/০২/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: চট্টগ্রাম জেলার পতেঙ্গা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজে কর্মরত ৩ জন প্রভাষকের এমপিও ইনডেক্স এর ধারাবাহিকতা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার সদর উপজেলাধীন পতেঙ্গা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও মহাবিদ্যালয়ের গভর্ণিং বডির সভায় সহকারী অধ্যাপকের পদোন্নতির সিদ্ধান্তের উপর নিষেধাজ্ঞা আরোপের জন্য ইন্দিরা বিশ্বাস, প্রভাষক (যুক্তিবিদ্যা) গং অভিযোগ করেছেন। অভিযোগের বিষয়ে সরেজমিন তদন্ত করা হয়।

তদন্ত কর্মকর্তার মতামত/সিদ্ধান্ত:

(১) জনাব আশরাফুল ইসলাম খোন্দকার ১২/১০/১৯৯৯খ্রি. তারিখে পূর্বতন প্রতিষ্ঠানের এমপিও ত্যাগ করে সিটি কর্পোরেশন কলেজে যোগদান করেন। সেখানে বিভিন্ন নন এমপিওভুক্ত কলেজে ১২বছর চাকুরি করার পর মে ২০১১খ্রি. তারিখে নতুনভাবে এমপিওভুক্ত হন। অক্টোবর ১৯৯৯খ্রি. তারিখ থেকে এপ্রিল ২০১১খ্রি. তারিখ পর্যন্ত তাঁর ইনডেক্স বহাল বা চলমান না থাকায় চাকুরির এই অংশটুকু এমপিওভুক্ত চাকুরিকাল হিসেবে গণনা করার বিধি অনুযায়ী সুযোগ নেই।

(২) জনাব আহমদ হোছাইন ১৮/১১/১৯৯৯খ্রি. তারিখে পূর্বতন প্রতিষ্ঠানের এমপিও ত্যাগ করে সিটি কর্পোরেশন কলেজে যোগদান করেন। সেখানে ২টি নন এমপিওভুক্ত কলেজে ০৫ বছর চাকুরি করার পর মে ২০০৪খ্রি. তারিখে এমপিওভুক্ত হন। জানুয়ারি ১৯৯৯খ্রি. তারিখ থেকে এপ্রিল ২০০৪খ্রি. তারিখ পর্যন্ত তাঁর ইনডেক্স বহাল বা চলমান না থাকায় চাকুরির এই অংশটুকু এমপিওভুক্ত চাকুরিকাল হিসেবে গণনা করার বিধি অনুযায়ী সুযোগ নেই।

(৩) জনাব আবু মোহাম্মদ তোহিদুল আলম ০১/০৯/২০০৩খ্রি. তারিখে পূর্বতন প্রতিষ্ঠানের এমপিও ত্যাগ করে সিটি কর্পোরেশন কলেজে যোগদান করেন। মে ২০০৪খ্রি. তারিখে এমপিওভুক্ত হন। আগস্ট ২০০৩খ্রি. তারিখ থেকে এপ্রিল ২০০৪খ্রি. তারিখ পর্যন্ত তাঁর ইনডেক্স বহাল বা চলমান না থাকায় চাকুরির এই অংশটুকু এমপিওভুক্ত চাকুরিকাল হিসেবে গণনা করার বিধি অনুযায়ী সুযোগ নেই।

বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

16.2.2020

(মো. আবদুল কাদের)  
সহকারী পরিচালক (ক-৩)  
ফোন নং-৯৫৫৬০৫৭

অধ্যক্ষ

পতেঙ্গা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ  
সদর, চট্টগ্রাম।

অনুলিপি:

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, পতেঙ্গা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সদর, চট্টগ্রাম।
- ২। ইন্দিরা বিশ্বাস, প্রভাষক (যুক্তিবিদ্যা) গং, পতেঙ্গা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, সদর, চট্টগ্রাম।
- ৩। সংরক্ষণ নথি।